

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mora.gov.bd](http://www.mora.gov.bd)

নম্বর: ধবিম/হ:শা:/৪-৩৮৮/২০১৩-১৯২

তারিখ: ১২ আষাঢ়, ১৪২৯  
২৬ জুন, ২০২২**বিষয়: কারণ দর্শানোর নোটিশ**

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত হজ এজেন্সি সাবিলুল জান্নাত এয়ার ট্রাভেলস লি: (হজ লাইসেন্স নং-১১৪০), Room-12/B, Level-04, Plot-34, Hm Plaza, Sector-03, Uttara, Dhaka-1230 এর স্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ০৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ; এবং

০৩। যেহেতু আপনি ০৩ (তিন) জন হজযাত্রী জনাব আহমা বেগম, জনাব রিনা আক্তার ও জনাব আব্দুল মান্নান এর নিকট হতে হজে নেয়ার প্রতিশ্রুতি দিয়ে যথাক্রমে ৫,৫০,০০০/- (পাঁচ লক্ষ পঞ্চাশ) টাকা, ৬,০০,০০০/- (ছয় লক্ষ) ও ৫,৭০,০০০/- (পাঁচ লক্ষ সত্তর হাজার) টাকা গ্রহণ করে হজে নেননি; এবং

০৪। যেহেতু আপনার এরূপ কার্যক্রম হজযাত্রীর সাথে প্রতারণার সামিল এবং সুষ্ঠু হজ ব্যবস্থাপনার অন্তরায়; যা হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর পরিপন্থী; এবং

০৫। যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের কারণে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের কারণসমূহ বিদ্যমান;

০৬। সেহেতু হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১৩ ধারা অনুযায়ী আপনার কর্তৃক পরিচালিত সাবিলুল জান্নাত এয়ার ট্রাভেলস লি: (হজ লাইসেন্স নং-১১৪০) এর জামানত বাজেয়াপ্তসহ হজ লাইসেন্স কেন বাতিল করা হবে না তার জবাব আগামী ০৩ (তিন) দিনের মধ্যে এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
২৬.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব

ফোন: ৫৫১০১১১৮

e-mail: morahajsection@gmail.com


স্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক  
সাবিলুল জান্নাত এয়ার ট্রাভেলস লি: (হজ লাইসেন্স নং-১১৪০)  
Room-12/B, Level-04, Plot-34, Hm Plaza,  
Sector-03, Uttara, Dhaka-1230.

নম্বর: ধবিম/হ:শা:/৪-৩৮৮/২০১৩-১৯২

তারিখ: ২৬.০৬.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ([www.mora.gov.bd](http://www.mora.gov.bd) ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা ([www.hajj.gov.bd](http://www.hajj.gov.bd) ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি।

  
২৬.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব